**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**7 OCTOBER 2024** **7:35 AM IST**

==========================================================================

আসাম সরকারের ১ লক্ষ নিযুক্তি প্রদানের অংশ হিসেবে আজ পুনরায় নিযুক্তি সমারোহের আয়োজন করা হয়েছে । গৌহাটি চিকিৎসা মহাবিদ্যালয় এবং হাসপাতাল প্রেক্ষাগৃহে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ১শো ১ জন প্রার্থীকে এবং ভাঙ্গাগড়ে শিক্ষা বিভাগের ২শো ৮৪ জন প্রার্থীকে নিযুক্তি পত্র প্রদান করা হবে । অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এবং শিক্ষামন্ত্রী রণোজ পেগু উপস্থিত থাকবেন । উল্লেখ্য যে গত ২৬ সেপ্টেম্বর পর্যন্ত ১ লক্ষ ২৪ হাজার ৬শো ৪৫ জন প্রার্থীকে নিযুক্তি প্রদান করা হয়েছে ।

---

রাজ্যের ছাত্রীদের আগামী দিনের পড়ালেখা চালিয়ে যাওয়ার লক্ষ্যে গতকাল থেকে নিযুত ময়না প্রকল্পের সূচনা করা হয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা গতকাল খানাপাড়ার আসাম পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত কেন্দ্রীয় অনুষ্ঠানে নিযুত মইনা প্রকল্পের সূচনা করেন । অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী কামরূপ মহানগর , কামরূপ ও মরিগাঁও জেলার ছাত্রীদের হাতে

আনুষ্ঠানিকভাবে চেক প্রদান করেন । অনুষ্ঠানে বক্তকত রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা জানান যে বিগত বাজেটে  উচ্চশিক্ষা গ্রহণে ১০ লক্ষ ছাত্রীকে আর্থিক অনুদান প্রদানের কথা  উল্লেখ করা হয়েছিল  । মূখ্যমন্ত্রী বলেন যে উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় , কলেজ , বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়া ছাত্রীদের মধ্যে প্রায় ৩০ শতাংশ ছাত্রী পারিবারের আর্থিক দূরবস্থা তথা বৈবাহিক বন্ধনের  জন্য শিক্ষা সম্পূর্ণ করতে অসমর্থ হয় । ছাত্রীদের যাতে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার পর কম করেও স্নাতক ডিগ্রী অর্জন করা পর্যন্ত ছাত্রীরা যাতে বিবাহ বন্ধনে আবদ্ধ না হয় সেজন্য সরকার এই ব্যবস্থা গ্রহণ করেছে ।

মুখ্যমন্ত্রী বলেন যে এই প্রকল্পের অধীনের ছাত্রীদের আগামী নভেম্বর মাস থেকে প্রতি মাসের ১১ তারিখ বেংক একাউন্টে সরাসরি অর্থ প্রদান করা হবে । আগামী বাজেটে রাজ্যের যুবকদের জন্যও প্রকল্প গ্রহণ করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান । উল্লেখ্য  নিযুত মইনা প্রকল্পের অধীনে একাদশ শ্রেণীতে নাম ভর্তি করা প্রত্যেক যোগ্য ছাত্রী মাসে ১ হাজার টাকা করে ১০ মাসের জন্য মোট ১০ হাজার টাকা লাভ করবে । একই ভাবে স্নাতক প্রথম বর্ষে নাম ভর্তি করা প্রত্যেক যোগ্য ছাত্রীকেও রাজ্য সরকার ১০ মাসের জন্য ১ হাজার ২শো ৫০ টাকা করে প্রদান করবে । স্নাকোত্তর পাঠ্যক্রম তথা বি-এড এ নাম ভর্তি করা প্রত্যেক যোগ্য ছাত্রীকে এই প্রকল্পের অধীনে ১০ মাসের জন্য প্রতি মাসে ২ হাজার ৫শো টাকা করে আর্থিক অনুদান প্রদান করা হবে ।

গতকালের অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু ,জলসম্পদ বিভাগের মন্ত্রী পীযুষ হাজারিকা প্রমুখ উপস্থিত ছিলেন ।

বরাক উপত্যাকার তিন জেলায়ও গতকাল নিযুত ময়না প্রকল্পের চেক বিতরণ কার্যসূচীর সূচনা করা হয় । এ উপলক্ষে গতকাল শিলচর ইন্ডিয়া ক্লাব ইন্ডোর ষ্টেডিয়ামে আয়োজিত এক অনুষ্ঠানে এই প্রকল্পের চেক বিতরণ  করা হয় । অনুষ্ঠানে বিধায়ক দ্বিপায়ন চক্রবর্তী , জেলা আয়ুক্ত মৃদুল যাদব আনুষ্ঠানিকভাবে ১৫ জন ছাত্রীর হাতে চেক তুলে দেন । অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার ছাত্রীদের উদ্দেশ্যে ভাষণের সরাসরি সম্প্রচার করা হয় । কাছাড় জেলার ৫৮ টি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় ও কলেজের মোট ৭ হাজার ৮শ ২৯ জন ছাত্রী এই প্রকল্পের সুবিধা লাভ করবে । শিলচর বিধানসভা এলাকার ২ হাজার ৫০০ জন ছাত্রী এই প্রকল্পের সুবিধা লাভ করবে । এছাড়া সোনাই বিধানসভা এলাকার ছাত্রীদের কাবুগঞ্জ জনতা কলেজে ও ধলাই বিধানসভা কেন্দ্র এলাকার ছাত্রীদের চৈতন্য চরন জগৎ চন্দ্র উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে  ও লক্ষীচরণ হায়ার সেকেন্ডেরি স্কুলে , উধারবন্দ বিধানসভা এলাকার ছাত্রীদের উধার ব্লক অডিটরিয়ামে চেক প্রদান করা হয় ।

অনুরূপ ভাবে লক্ষীপুরে ফুলেরতল ব্লকের মাঠে , বরখলায় রাজা গোবিন্দ চন্দ্র উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে ,কাটিগড়ায় যুধিষ্টির সাহা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে ও কালাইন এস আর কলেজে ছাত্রীদের হাতে চেক তুলে দেওয়া হয় ।

---

করিমগঞ্জ জেলায়ও আজ নিযুত ময়না প্রকল্পের আনুষ্ঠানিক সূচনা করা হয়েছে ।জেলার মোট ৪ হাজার ৫০৪ জন ছাত্রী এই প্রকল্পের সুবিধা লাভ করবে ।আজ বেলা ১১ টায় করিমগঞ্জ জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে আয়োজিত এক অনুষ্ঠানে ১১ জন ছাত্রীর হাতে আনুষ্ঠানিকভাবে এই চেক তুলে দেওয়া হয় । অনুষ্ঠানে করিমগঞ্জের সাংসদ কৃপা নাথ মালহা মুখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করেন ।অনুষ্ঠানে জেলা আয়ুক্ত আনিস রসুল মজুমদার , বিদ্যালয় সমুহের পরিদর্শক নিলম জ্যোতি দাস , বিজেপি জেলা সভাপতি সুব্রত ভট্ট ।চার্য প্রমুখ উপস্থিত ছিলেন ।এছাড়া উত্তর করিমগঞ্জ বিধানসভা এলাকার ১ হাজার ৫১৮ জন , দক্ষিণ করিমগঞ্জ বিধানসভা এলাকার ৮১৯ জন , পাথঅরকান্দি বিধানসভা এলাকার ৮৩১ জন রামকৃষ্ণনগর বিধানসভা এলাকার ১ হাজার ৩৩৬ জন ছাত্রী এই প্রকল্পের সুবিধা লাভ করবে ।

---

হাইলাকান্দি জেলায় আয়োজিত তিনটি অনুষ্ঠানের মাধ্যমে গতকাল ৩ হাজার ৭৩৫ জন ছাত্রীর হাতে নিযুত ময়না প্রকল্পের চেক তুলে দেওয়া হয় । হাইলাকান্দি এস এস কলেজের খেলার ১ হাজার ৩০৪ জন ছাত্রীর হাতে চেক তুলে দেওয়া হয়েছে । অনুষ্ঠানে পৌরসভার

সভাপতি কল্যাণ গোস্বামী , জেলা উন্নয়ন আয়ুক্ত এল্ডারড ফারহিন , অতিরিক্ত আয়ুক্ত অমিত পারবোসা অংশগ্রহণ করেন ।

বোয়ালিপার শশিভূষণ ইনস্টিটিউট অব এডুকেশনে ১ হাজার ১৫৮ জন ছাত্রীর হাতে চেক তুলে দেওয়া হয়েছে । এই অনুষ্ঠানে বিধায়ক নিজাম উদ্দিন চৌধুরী ও জাকির হুসেন লস্কর ছাত্রীদের হাতে চেক তুলে দেন ।

লালা রুরাল কলেজে জেলা আয়ুক্ত নিসর্গ হিভারে গৌতম এবং অতিরিক্ত আয়ুক্ত রক্তিম বড়ুয়া ১ হাজার ২৭৩ জন ছাত্রীর হাতে চেক তুলে দেন ।অনুষ্ঠানের শুরুতে মুখ্যমন্ত্রীর ছাত্রীদের উদ্দেশ্যে ভাষণ সরসরি সম্প্রচার করা হয় । গতকাল আনুষ্ঠানিকভাবে যারা চেক নিতে পারেন নি তাদের চেক সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে পাঠিয়ে দেওয়া হবে বলে জানানো হয়েছে ।

---

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ জানিয়েছে যে আগামী কয়েক দিন উত্তর-পূর্ব ভারতে বৃষ্টির সম্ভাবনা রয়েছে । বিভাগ আসাম সহ মেঘালয় ও অরুণাচল প্রদেশে প্রচুর বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে বলে আগাম সতর্কতা জারী করেছে ।

---

---